

(<http://www.banglanews24.com>)

কাপ্তাইয়ে ৩য় সিএসই কনফারেন্স

| বাংলানিউজটোয়েন্টিফোর.কম | আপডেট: ২০১৭-১০-২৮ ৫:১৪:৩৭ পিএম



৩য় সিএসই কনফারেন্স এর একটি দৃশ্য।

ঢাকা: তথ্য প্রযুক্তিতে শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধিতে দেশব্যাপী শুরু হওয়া সিএসই কনফারেন্স তৃতীয় বারের মতো অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (২৮ অক্টোবর) রাঙামাটির কাপ্তাইয়ের বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট অডিটোরিয়ামে এ কনফারেন্স অনুষ্ঠিত হয়।

কনফারেন্সে দেশি বিদেশি প্রকৌশলীরা তথ্য প্রযুক্তির আপডেট ভার্সন, প্রোগ্রামিং, মাইক্রোসফট সফটওয়্যার ডেভেলপমেন্ট, আইওটি, স্টাটিং ইউর ক্যারিয়ার ওয়েব ও ডাটাবেস ডেভেলপমেন্ট, রোবোটিকস

প্রেজেন্টেশন, আউটসোর্সিং, মোবাইল অ্যাপস ও তথ্য প্রযুক্তিতে উন্নত ক্যারিয়ার গঠন বিষয়ক ক্লাস নেন।

কনফারেন্সে আলোচনায় অংশ নেন বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট এর অধ্যক্ষ আশুতোষ নাথ, কম্পিউটার টেকনোলজি বিভাগের প্রধান তারিকুল ইসলামসহ বিভিন্ন ডিসিপ্লিনের শিককরা।

কনফারেন্সে চার শতাধিক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

সিএসই কনফারেন্স এর উদ্যোক্তা প্রকৌশলী মো. ইসরাফিল জানান, কারিগরি শিক্ষাবোর্ড অনুমোদিত দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধিতে এ কনফারেন্স অব্যাহত থাকবে।

এ কর্মসূচিতে সহায়তা করছে সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান আলফা নেট। কর্মশালা শেষে তথ্য শিক্ষার্থীদের স্কলারশিপ দিয়েছে আলফা নেট।

বাংলাদেশ সময়: ১৭১০ ঘণ্টা, অক্টোবর ২৮, ২০১৭
জেডএম/

ফোন: +৮৮০ ২ ৮৪৩ ২১৮১, +৮৮০ ২ ৮৪৩ ২১৮২ আই.পি. ফোন: +৮৮০ ৯৬১ ২১২ ৩১৩১ নিউজ রুম মোবাইল: +৮৮০ ১৭২ ৯০৭ ৬৯৯৬, +৮৮০ ১৭২ ৯০৭ ৬৯৯৯ ফ্যাক্স: +৮৮০ ২ ৮৪৩ ২৩৪৬

ইমেইল: news24.banglanews@gmail.com (<mailto:news24.banglanews@gmail.com>), news.bn24@gmail.com (<mailto:news.bn24@gmail.com>), banglanews.digital@gmail.com (<mailto:banglanews.digital@gmail.com>) এডিটর-ইন-চিফ ইমেইল: editor.banglanews@gmail.com (<mailto:editor.banglanews@gmail.com>)

বাংলানিউজটোয়েন্টিফোর.কম (<http://www.banglanews24.com>) | এডিটর-ইন-চিফ: আলমগীর হোসেন

কপিরাইট © 2017-11-11 16:06:38 | একটি ইউএনইএমজিএল প্রতিষ্ঠান